**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-09-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী বলেছেন, ব্রিকস কেবল কয়েকটি দেশের একটি গোষ্ঠী নয়, এটি সমাধানের একটি ইকো সিস্টেম ।**

**(২) মুখ্যমন্ত্রী জানিয়েছেন, সিপাহীজলায় আন্তর্জাতিক সীমান্তে স্মার্ট ফেন্সিং পাইলট প্রকল্পের কাজ শুরু হয়েছে ।**

**(৩) রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থায় উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে বলে দাবি মুখ্যমন্ত্রীর ।**

**(৪) জে. সি লিগ ক্রিকেটের শেষ রাউন্ডের তিনদিনের দুটি খেলা আজ থেকে শুরু হয়েছে।**

*******************************************************

## BRICS-PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, ব্রিকস কেবল কয়েকটি দেশের একটি গোষ্ঠী নয়, বরং এটি সমাধানের একটি ইকোসিস্টেম এবং গত দুই দিনের আলোচনা এই বিশ্বাসকে আরও দৃঢ় করেছে। ‘স্থিতিস্থাপকতা, উদ্ভাবন, সহযোগিতা এবং স্থায়িত্ব’ বিষয়ক ব্রিকস অধিবেশনে সমাপনী বক্তব্যে, শ্রীমোদী আশা প্রকাশ করেন, ব্রিকস শীর্ষ সম্মেলনে গৃহীত ‘নয়াদিল্লি ঘোষণা’ যৌথ দৃষ্টিভঙ্গি এবং ভবিষ্যৎ সহযোগিতার জন্য একটি স্পষ্ট দিকনির্দেশনা প্রদান করবে। তিনি সমস্ত ফলাফলকে সময়োপযোগী পদক্ষেপে রূপান্তর করার প্রয়োজনীয়তার উপর জোর দেন, যা প্রান্তিক স্তরে প্রভাব ফেলবে। তিনি বলেন,

ব্রিকস ভুক্ত দেশগুলি একসঙ্গে কাজ করবে যাতে ব্রিকস কাঠামোটি কেবল নথিপত্রের মধ্যে সীমাবদ্ধ না থেকে বাস্তব জীবনে একটি দৃশ্যমান প্রভাব তৈরি করতে পারে।

ব্রিকস তার তৃতীয় দশকে পা রাখতে চলেছে বলে উল্লেখ করে শ্রী মোদী দাবি করেন, বিশ্ব এখন এই গোষ্ঠীর কাছ থেকে কেবল ধারণা এবং প্রতিশ্রুতি নয়, বরং সুনির্দিষ্ট ফলাফল প্রত্যাশা করে। তিনি আত্মবিশ্বাস ব্যক্ত করেন যে যৌথ প্রচেষ্টার মাধ্যমে ব্রিকস অবশ্যই এই প্রত্যাশা পূরণ করবে। প্রধানমন্ত্রী পরবর্তী ব্রিকস চেয়ারম্যান হিসেবে চীনকে শুভেচ্ছা জানান। নয়াদিল্লি শীর্ষ সম্মেলনকে সফল করার জন্য তিনি সমস্ত ব্রিকস রাষ্ট্র, অংশীদার দেশ এবং তাদের দলগুলিকে ধন্যবাদ জানান। প্রধানমন্ত্রী তাদের সক্রিয় অংশগ্রহণ এবং মূল্যবান অবদানের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, তাদের গুরুত্বপূর্ণ চিন্তাভাবনা এবং পরামর্শ সহযোগিতাকে বিস্তৃতি ও গভীরতা উভয়ই প্রদান করেছে। তিনি আরও যোগ করেন যে, তাদের উপস্থিতি ব্রিকসের ক্রমবর্ধমান প্রাসঙ্গিকতা, উন্মুক্ততা এবং অন্তর্ভুক্তির প্রমাণ হিসেবে দাঁড়িয়েছে।

এর আগে, নয়াদিল্লির ভারত মণ্ডপমে ব্রিকস শীর্ষ সম্মেলনের উন্মুক্ত অধিবেশনে ভাষণ দেওয়ার সময় প্রধানমন্ত্রী মোদী আজ বলেন, অতিমারী, জলবায়ু বিপর্যয় এবং সরবরাহ শৃঙ্খলের বিঘ্ন প্রমাণ করেছে যে আজকের এই সংযুক্ত বিশ্বে কোনো সংকটই কেবল একটি অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ থাকে না।

শ্রী মোদী বলেন, তাই ব্রিকস দেশগুলি এই গোষ্ঠীর মধ্যে স্থিতিস্থাপকতা বৃদ্ধির উপর বিশেষ জোর দিয়েছে। 'স্থিতিস্থাপকতা, উদ্ভাবন, সহযোগিতা এবং স্থায়িত্ব' বিষয়ক অধিবেশনে শ্রী মোদী জোর দিয়ে বলেন যে সময়মতো চ্যালেঞ্জগুলি চিহ্নিত করা, সেগুলির জন্য প্রস্তুতি নেওয়া এবং অবিলম্বে পদক্ষেপ নেওয়া সমানভাবে জরুরি। তিনি জানান যে এই দৃষ্টিভঙ্গি নিয়ে সংক্রামক রোগ

প্রতিরোধ ও মোকাবিলার জন্য একটি ‘ব্রিকস সমন্বিত প্রাথমিক সতর্কীকরণ ব্যবস্থা’র বিষয়ে একমত হওয়া গেছে। তিনি আরও যোগ করেন, দুর্যোগ ব্যবস্থাপনার জন্য ‘প্রাথমিক সতর্কীকরণ তথ্য সমন্বয় নির্দেশিকা’ তৈরি করা হয়েছে।

***************************

## CM Blood Donation-BSF:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, সিপাহিজলায় আন্তর্জাতিক সীমান্তে স্মার্ট ফেন্সিং পাইলট প্রকল্পের কাজ শুরু হয়েছে। এজন্য বিএসএফের উদ্যোগে টেন্ডার ডাকার প্রক্রিয়া চলছে। আজ শালবাগানে বিএসএফের ত্রিপুরা ফ্রন্টিয়ারের সদর দপ্তরে স্বেচ্ছায় রক্তদান শিবিরে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, বাংলাদেশের সঙ্গে রাজ্যে ৮৫৬ কিলোমিটার সীমান্ত রয়েছে। এরমধ্যে ১১৯ কিলোমিটারের বেশি পুরানো সীমান্ত বেড়া নতুন করে দেওয়ার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, রাজ্যের সীমান্তে পাচার সহ কিছু সমস্যা রয়েছে। দেশের স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ নিজেও সীমান্তে গিয়ে এইসব সমস্যার কথা জেনে গেছেন। এইসব সমস্যা সমাধানের জন্য স্মার্ট বর্ডার প্রকল্পে কাজ চলছে। তিনি আরও বলেন, আধুনিক সীমান্ত পরিকল্পনা বাস্তবায়ন হলে পাচারের সমস্যা দূর হবে৷ এর সাথে বিএসএফ, পুলিশ ও স্থানীয় প্রশাসনের সঙ্গে যৌথ ত্রিস্তরীয় কোরডিনেশন কমিটি গঠনের উপরও তিনি জোর দেন। এদিকে, রক্তদান সম্পর্কে যুব সমাজের প্রতি আহ্বান জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, শিবির ছাড়াও ব্লাড ব্যাংকে গিয়ে রক্ত দিন। রোটারি ক্লাবের সহযোগিতায় আয়োজিত এই শিবিরে ৮০ জন রক্তদান করেন। অনুষ্ঠানে ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি প্রিন্সরানী উপস্থিত ছিলেন|

***************************

## BLOOD DONATION:

মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, দেশ ও রাজ্যেকে এগিয়ে নিয়ে যেতে যুব সমাজের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজ ভারতীয় জনতা পার্টির যুব মোর্চার গ্রামীণ জেলার উদ্যোগে আইজিএম হাসপাতালে রক্তদান শিবির পরিদর্শন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রীও যুবসমাজকে দেশের উন্নয়নের অন্যতম অংশীদার হিসেবে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিয়েছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদীজির জন্মদিন কে সামনে রেখে মাসব্যাপী কর্মসূচির অঙ্গ হিসেবে যুব মোর্চার উদ্যোগে এই রক্তদান শিবিরের আয়োজন। আগরতলায় দুটি জায়গায় এই রক্তদান শিবির হচ্ছে। সদরের যুব মোর্চার উদ্যোগে জিবি হাসপাতালে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। সেখানে উপস্থিত ছিলেন বিজেপি'র রাজ্য সভাপতি অভিষেক দেব রায় অন্যান্যরা।

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন'কে সামনে রেখে আজ ঊনকোটি জেলার ফটিকরায় বাজার শেডে ভারতীয় জনতা যুব মোর্চার উদ্যোগে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, তপশিলি জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস। শিবিরে মোট ৪৮ জন স্বেচ্ছায় রক্তদান করেন|

উত্তর জেলা যুবমোর্চার উদ্যোগেও আজ ধর্মনগর জেলা হাসপাতালে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। রক্তদান শিবিরের উদ্বোধন করেন যুব মোর্চার রাজ্য সভাপতি অরিন্দম দেব|

অপর দিকে, ভারতীয় জনতা যুব মোর্চা, দক্ষিণ পিলাক জেলার উদ্যোগে জোলাইবাড়ি, বিলোনিয়া ও সাব্রুমে স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। জোলাইবাড়িতে আয়োজিত শিবিরে ৪0 জন, সাব্রুম মহকুমা হাসপাতালে ২১ জন এবং বিলোনিয়া মহকুমা হাসপাতালে ৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

****************************

## Medical Collage:

আগরতলা সরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে আরো ৫0 টি আসন বাড়ল। এর ফলে এই কলেজে আসন বেড়ে দাঁড়িয়েছে ২00টি। ন্যাশনাল মেডিকেল কমিশনের সিট ম্যাট্রিক্সে এই তথ্য পাওয়া গেছে। এর ফলে ত্রিপুরার তিনটি মেডিকেল কলেজে এমবিবিএস আসন সংখ্যা বেড়ে হয়েছে মোট ৫00। টি.এম.সি এবং শান্তিনিকেতন মেডিকেল কলেজে রয়েছে ৩00টি আসন।

****************************

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে৷ ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

## CM- Blood Donation-Unnayan Sangha:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থায় উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে এবং জটিল চিকিৎসার জন্য ত্রিপুরার বাইরে

রোগী পাঠানোর সংখ্যাও হ্রাস পেতে শুরু করেছে ।আজ আগরতলার উত্তর বাধারঘাটের উন্নয়ন সংঘে আয়োজিত রক্তদান শিবির সহ আগরতলা পুর নিগম ও আশা কর্মীদের সম্বর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, স্বেচ্ছায় রক্তদান একটি মহৎ কাজ। পাশাপাশি তিনি অঙ্গদান ও প্রতিস্থাপন সুবিধা প্রসারের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, সরকার ত্রিপুরায় বিভিন্ন অঙ্গদান ও প্রতিস্থাপন কেন্দ্র চালু করতে আগ্রহী। রাজ্যে সফলভাবে কিডনি প্রতিস্থাপন প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। এখন সরকার হার্ট প্রতিস্থাপন করার বিষয়টিতেও কাজ করে চলেছে। তিনি ক্লাবগুলির প্রতি সমাজে শৃঙ্খলা বজায় রাখা ও নিরপেক্ষ থাকার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ অন্যান্য বিশিষ্টজনেরা। শিবিরে ৫0 জন স্বেচ্ছায় রক্তদান করেন।

****************************

**150 years Vande Mataram:**

বন্দেমাতরম-রচনার ১৫0 বছর পূর্তি উপলক্ষে সমাজ শক্তি সোসাইটির উদ্যোগে ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের সহযোগিতায় শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে দুইদিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান আজ শেষ হয়েছে। শেষদিনে অঙ্কন, লোক সংগীত ও লোকনৃত্য প্রতিযোগিতার পুরস্কার বিতরন, চিত্রশিল্পীদের কর্মশালা ও শান্তিরবাজার শহরে ইউনিটি র‍্যালি অনুষ্ঠিত হয়।

****************************

**Engineer’s Day:**

আগামী ১৫ সেপ্টেম্বর পালিত হবে ৫৯তম প্রকৌশলী দিবস। এই দিনটিকে সামনে রেখে আজ অল ত্রিপুরা ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হয় স্বাস্থ্যশিবির ও বস্ত্র বিতরণ। স্বাস্থ্য

শিবিরে দেড়শ জন রোগী বিভিন্ন রোগের চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন। এছাড়া আসন্ন দূর্গা পূজা উপলক্ষে আগরতলা পুর নিগমের সাফাই কর্মীদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার। তাছাড়া ছিলেন কর্পোরেটর রত্না দত্ত সহ সংগঠনের সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার প্রিয়তোষ দাস।

এদিকে, ত্রিপুরা পাওয়ার ইঞ্জিনীয়ার্স অ্যাসোসিয়েশন-এর উদ্যোগে আজ আগরতলায় অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার হাসপাতালে রোগীদের মধ্যে পুষ্টিকর সামগ্রী বিতরণ করা হয়।

****************************

## Nirmala Sitaraman:

অর্থমন্ত্রী নির্মলা সীতারামন নতুন দিল্লীতে আজ ইরানের অর্থমন্ত্রী সৈয়দ আলি মাদানি জাদেহের সঙ্গে বৈঠক করেছেন। ব্রিকস শিখর সম্মেলনে ইরানের গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য তাকে ধন্যবাদ জানান অর্থমন্ত্রী। অর্থমন্ত্রক জানিয়েছে, এই দুটি দেশের মধ্যে গুরুত্বপূর্ণ বৈঠকে অর্থনৈতিক অগ্রগতি এবং পারস্পারিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সহযোগিতা প্রসারিত করতে আলোচনা হয়েছে।

****************************

## District level Classical Music:

খোয়াই জেলাভিত্তিক অশ্বিনী কুমার বিশ্বাস স্মৃতি শাস্ত্রীয় সংগীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় খোয়াই নতুন টাউন হলে জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই শাস্ত্রীয় সংগীত প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন টিঙ্কু ভট্টাচার্য্য সহ বিশিষ্ট জনেরা| এই শাস্ত্রীয় সংগীত প্রতিযোগিতায় খোয়াই জেলার বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করে। মোট চারটি বিভাগে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

****************************

**J. C. Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত জে সি স্মৃতি লিগ ক্রিকেট প্রতিযোগিতার তৃতীয় তথা শেষ রাউন্ডের দুটি খেলা আজ থেকে শুরু হয়েছে। এম বি বি স্টেডিয়ামে স্ফুলিঙ্গ ক্লাবের বিরুদ্ধে তিনদিনের খেলায় জয়নগর ক্রিকেট ক্লাব প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৬ উইকেট হারিয়ে ২৫৮ রান করে।

এদিকে, নরসিংগড়ের টি আই টি মাঠে অপর খেলায় ব্লাড মাউথ ক্লাবের বিরুদ্ধে সংহতি ক্লাব প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৬ উইকেটে ২৭৭ রান করে।

****************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর।আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৭ ডিগ্রী সেলসিয়াস।

****************************

****************************